# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ সর্বোচ্চ বন্ধুর দিকে ধাবমান (إِلَى الرَّفِيْقِ الْأَعْلٰى)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

---

এক দিন অথবা দুই দিন পূর্বে (قَبْلَ يَوْمٍ أَوْ يَوْمَيْنِ):

শনিবার কিংবা রবিবারে নাবী কারীম (ﷺ) কিছুটা সুস্থতা বোধ করেন। কাজেই, দুই ব্যক্তির কাঁধে ভর দিয়ে যুহর সালাতের উদ্দেশ্যে মসজিদে গমন করেন। সেই সময় সাহাবীগণ (রাযি আল্লাহু ‘আনহুম)-এর সালাতের জামাতে ইমামত করছিলেন আবূ বাকর (রাঃ)। তিনি নাবী কারীম (ﷺ)_এর আগমনের আভাস পেয়ে পিছনের সারিতে আসার চেষ্টা করলে তিনি তাঁকে ইশারায় পিছনে আসতে নিষেধ করে সামনেই থাকতে বললেন এবং নিজেকে তাঁর ডান পাশে বসিয়ে দেয়ার জন্য সাহায্যকারীদ্বয়কে নির্দেশ দিলেন। এ প্রেক্ষিতে আবূ বাকর (রাঃ)-এর ডান পাশে তাঁকে বসিয়ে দেয়া হল। এরপর আবূ বাকর (রাঃ) রাসূলুল্লাহ (ﷺ)_এর সালাতের অনুকরণ করছিলেন এবং সাহাবীগণ (রাযি.)-কে তাকবীর শোনাচ্ছিলেন।[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১ম খন্ড ৯৮-৯৯ পৃঃ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=6459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন